# উপজেলা পরিষদ
# কালিগঞ্জ, সাতক্ষীরা।

**জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী**

অধিবেশন নং - ০৭/২০২২

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৮-০৭-২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১১-৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ'।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরা জেলায় সভায় অংশগ্রহণ করায় তাঁর পক্ষে সহকারী কমিশনার(ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিগত ৩০/০৫/২০২২ তারিখে উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীর ২ (গ) অনুচ্ছেদে উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসির মাধ্যমে উপজেলা চেয়ারম্যানের বাসভবন ও ৪ নং নন গেজেটেড ভবনের টয়লেট/সেপটি ট্যাংক নষ্ট হয়ে যাওয়ায় অতিদ্রুত মেরামত বাবদ ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু উক্ত খাতে পর্যাপ্ত অর্থ না থাকায় প্রকল্পটির টাকা উত্তোলন করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ায় উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প ব্যয়ের অর্থ উত্তোলন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা রাজস্ব তহবিল হতে (১) উপজেলা চেয়ারম্যানের বাসভবন ও ননগেজেটেড ভবনের টয়লেট/সেপটি ট্যাংক মেরামত বাবদ ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয়ে পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ উপজেলা চেয়ারম্যানের বাসভবন ও ননগেজেটেড ভবনের টয়লেট/সেপটি ট্যাংক মেরামত।<br>বরাদ্দের পরিমাণ ঃ ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার)<br>বরাদ্দের খাত ঃ রাজস্ব তহবিল<br>প্রকল্প কমিটি ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>প্রকল্প কমিটির পদবী</th></tr>
<tr><td>০১</td><td>মোঃ পিয়ার আলী, ইলেকট্রিশিয়ান</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>শেখ আবুল বাশার, সার্ভেয়ার</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ শফিক আহমেদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মোঃ আবুল কাশেম</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মোঃ ফিরোজ আলম</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>উপজেলা প্রকৌশলী<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিগত ২৭/০৪/২০২২ তারিখে উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীর ২ (ছ) অনুচ্ছেদে উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসির মাধ্যমে উপজেলা সমাজসেবা অফিস ভবনটি সংস্কার/ রং করণের জন্য ১,৪৪,০৬৩/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার তেষট্টি) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু অফিস/বাসা বাড়ি মেরামত রক্ষণাবেক্ষণ খাতে নির্ধারিত আর কোন অর্থ অব্যয়িত না থাকায় চলতি অর্থ বছরে উক্ত সমাজসেবা অফিস ভবন মেরামত/সংস্কারের বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>উপজেলা রাজস্ব তহবিল হতে (১) উপজেলা সমাজসেবা অফিস ভবনটি সংস্কার/ রংকরণ বাবদ ১,৪৪,০৬৩/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার তেষট্টি) টাকা ব্যয়ে পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ উপজেলা সমাজসেবা অফিস ভবনটি সংস্কার/ রংকরণ।<br>বরাদ্দের পরিমাণ ঃ ১,৪৪,০৬৩/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার তেষট্টি)<br>বরাদ্দের খাত ঃ রাজস্ব তহবিল<br>প্রকল্প কমিটি ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>প্রকল্প কমিটির পদবী</th></tr>
<tr><td>০১</td><td>আব্দুল্লাহ আল মামুন, সমাজসেবা অফিসার</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>এস এম আকরাম হোসেন, যুব উন্নয়ন অফিসার</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ আলমগীর হোসেন, একটি বাড়ি একটি খামার</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>হেমেন্দ্রনাথ মন্ডল, আইসিটি অফিসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>অনুজ গাইন, নির্বাচন অফিসার</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>(গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিগত ২৯/০৬/২০২২ তারিখে উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীর ২ (ঘ) অনুচ্ছেদে যে সকল খালসমুহ খনন/পুনঃখনন করা হয়েছে তার দুইপাশের জনপদ একত্রিত করার জন্য ও ফসলী জমির পানি নিষ্কাশনের জন্য বাঁধের কিছু দুর পর পর ছোট ছোট কালভার্ট/পাইপ স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে RFQ এর মাধ্যমে উপজেলা কালভার্ট পাইপ স্থাপন কমিটির সুপারিশ মোতাবেক জনগুরুত্বপূর্ণ জায়গায় ২ ফুট ব্যাসের ৮২টি পাইপ কালভার্ট স্থাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>সে সকল খালসমুহ খনন/পুনঃখনন করা হয়েছে তার দুই পাশের জনপদ একত্রিতকরণ ও ফসলী জমির পানি নিষ্কাশনের জন্য বাঁধের কিছু দুর পর পর জনগুরুত্বপূর্ণ জায়গায় উপজেলা কালভার্ট/পাইপলাইন স্থাপন কমিটির সুপারিশ মোতাবেক RFQ এর মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ খননকৃত/পুনঃখননকৃত খালের দু'পাশে জনগুরুত্বপূর্ণ জায়গায় কালভার্ট/পাইপলাইন স্থাপন।<br>বরাদ্দের পরিমাণ ঃ ৮,৮৩,১১৭/- (আট লক্ষ তিরাশি হাজার এক শত সতের)<br>বরাদ্দের খাত ঃ উন্নয়ন তহবিল।<br>বাস্তবায়ন পদ্ধত্তি ঃ RFQ</td>
<td>উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>(ঘ) চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদ জানান যে, "সাদপুর শান্তি মেম্বারের বাড়ি হতে সাদপুর ব্রিজ অভিমুখে রাস্তাটি" অত্যন্ত জনগুরুত্বপূর্ণ। রাস্তাটি দিয়ে প্রতিদিন স্কুলগামী ছাত্রছাত্রী ও গ্রামবাসীগণ যাতায়াত করে। কিন্তু রাস্তা কাচা হওয়ায় বর্ষা মৌসুমে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। তাই উক্ত রাস্তাটি অতিদ্রুত ইটসোলিং করণের জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>ভাড়াশিমলা ইউনিয়নের "সাদপুর শান্তি মেম্বারের বাড়ি হতে সাদপুর ব্রিজ অভিমুখে রাস্তাটি" জনগুরুত্বপূর্ণ হওয়ায় অতিদ্রুত উপজেলা উন্নয়ন তহবিল থেকে পিআইসির মাধ্যমে ইট সোলিং করণের জন্য সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>প্রকল্পের নাম : সাদপুর শান্তি মেম্বারের বাড়ি হতে সাদপুর ব্রিজ অভিমুখে ইট সোলিংকরণ<br>বরাদ্দের খাত : উন্নয়ন তহবিল<br>বরাদ্দের পরিমাণ : ১,৯৮,০০০/-<br>প্রকল্প কমিটি :
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম পদবী</th><th>প্রকল্প বাস্তবায়ন কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>মোছা: মনোয়ারা খাতুন, সদস্য, ইউপি</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মো: আব্দুস সাত্তার মোল্যা, সদস্য ইউপি</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩</td><td>মো: নজরুল ইসলাম, ইমাম</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>প্রশান্ত কুমার, শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোছা: হাফিজা খাতুন, সমাজসেবী</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,(১) নলতা জিসি, তারালী ইউপি সড়কের ৯০০ মিটার চেইনেজে আরসিসি বক্স কালভার্ট নির্মাণ কাজের বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২২ এর পত্রিকা বিল বাবদ ৩০,৩২৫/- টাকা। (২) নলতা, তারালী, ধলবাড়িয়া, ইউনিয়ন পরিষদ মেরামত কাজের বিজ্ঞপ্তি নং- ০৬/২০২০-২১ এর পত্রিকা বিল বাবদ ৩১.৭০৫/- টাকা (৩) কৃষ্ণনগর, কুশুলিয়া, চাম্পাফুল, দক্ষীপুর ইউনিয়ন পরিষদ মেরামত কাজের বিজ্ঞপ্তি নং- ০৮/২০২০-২১ এর পত্রিকা বিল বাবদ ৩১,৭০৫/- টাকা। সর্ব মোট= (৩০,৩২৫+৩১.৭০৫+৩১,৭০৫)= ৯৩,৭৩৫/-টাকা পরিশোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তাছাড়া বিজ্ঞপ্তি নং ০৯/২০২১-২২ ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে ৪টি অবকাঠামোর উন্নয়ন প্রকল্পের বিজ্ঞপ্তি বিল ১৫,৫২৫+৬,৭৬২+৪,৪৮৫ সর্বমোট ২৬,৭৭২/- টাকা পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | নলতা জিসি, তারালী ইউপি সড়কের ৯০০ মিটার চেইনেজে আরসিসি বক্স কালভার্ট নির্মাণ কাজের বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২২ এর পত্রিকা বিল বাবদ ৩০,৩২৫/- টাকা। (২) নলতা, তারালী, ধলবাড়িয়া, ইউনিয়ন পরিষদ মেরামত কাজের বিজ্ঞপ্তি নং- ০৬/২০২০-২১ এর পত্রিকা বিল বাবদ ৩১.৭০৫/- টাকা । (৩) কৃষ্ণনগর, কুশুলিয়া, চাম্পাফুল, দক্ষীপুর ইউনিয়ন পরিষদ মেরারম কাজের বিজ্ঞপ্তি নং- ০৮/২০২০-২১ এর পত্রিকা বিল বাবদ ৩১,৭০৫/- টাকা। সর্বমোট= (৩০,৩২৫+৩১.৭০৫+৩১,৭০৫)= ৯৩,৭৩৫/- টাকা প্রচলিত বিধিমতে পরিশোধের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়।<br>তাছাড়া বিজ্ঞপ্তি নং ০৯/২০২১-২২ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বিজ্ঞপ্তি বিল ১৫,৫২৫+৬,৭৬২+৪,৪৮৫ সর্বমোট ২৬,৭৭২/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ | | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সম্প্রতি বাগদা চিংড়ি পুশ/ভেজাল বন্ধে ২টি অভিযান ও ২টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এছাড়া তিনি আরো বলেন, নদী এবং খালে অবৈধ পার্টা স্থাপনের ফলে বর্ষা মৌসুমে পানি নিষ্কাশন ব্যহত হয়। সে কারণ প্রতিটি ইউনিয়নে যে সকল খালে অবৈধ নেট পাটা আছে সেগুলো অতিদ্রুত অপসারণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান হয়। সূত্রধরে উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, বর্ষা মৌসুমে নদীর ভেড়ীবাঁধগুলো দুর্বল হয়ে পড়ে তখন নদীতে মাছ ধরার জন্য উঠানামা করলে ভেড়ীবাঁধ ভেঙ্গে যায় তাই বর্ষা মৌসুমে নদীতে সকল প্রকার মাছ ধরা বন্ধে জনগণকে সচেতন করার উদ্দেশ্যে মাইকিং করার জন্য উপজেলা সিনিয়র মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার প্রতিটি ইউনিয়নে যেসকল খালে অবৈধ নেট পাটা আছে সেগুলো অতিদ্রুত অপসারণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স -এর অপারেশন থিয়েটার চালু করার লক্ষ্যে একজন এনেস্থাসিয়া বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে পত্র প্রেরণ করা হয়েছে। সূত্রধরে মথুরেশপুর ইউনিয়ন চেয়ারম্যান সাহেব জানান তার ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্দিষ্ট সময়ে অফিসে আসেন না। ঔষধপত্র সহ অফিসিয়াল অব্যবস্থাপনার বিষয়ে তদারকি করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অপারেশন থিয়েটার চালু করার লক্ষ্যে একজন এনেস্থাসিয়া বিশেষজ্ঞ চিকিৎসক কে দ্রুত সময়ে নিয়োগের বিষয়ে অগ্রগতি নেয়ার জন্য অনুরোধ জানান। | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ (ক) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচীতে চলতি আমন মৌসুমে অত্র উপজেলাতে ধান ফসলের বিনামূল্যে ১৩০০ জন কৃষককে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা হয়েছে। এ সময় তিনি আরো বলেন বিগত বছরে কালিগঞ্জ উপজেলায় যে হারে বৃষ্টিপাত হয়েছে সে তুলনায় এ বছর বৃষ্টিপাতের হার কম ফলে চাষীদের আমন ধানের চাষাবাদ ব্যহত হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রমকে বেগবান ও গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | (১) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার বিভাগের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার বিভাগের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ভিজিডি কর্মসূচির আওতায় ১২টি ইউনিয়নে ৩৭৭৮ জন উপকারভোগী আছে । বাজেট বরাদ্দ না থাকায় জুলাই/২২ মাসে ভিজিডি খাদ্যশস্যর ডিও প্রদান হয়নি। আগষ্ট/২২ মাসে ভিজিডি খাদ্য শস্য বাজেট প্রাপ্তি সাপেক্ষে ডিও জারি করা হবে। তিনি আরও বলেন যে, এ উপজেলার কয়েকটি স্কুলে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, ইভটিজিং, মাদক, যৌতুক, মানব পাচার রোধে সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে। পর্যায়ক্রমে এ উপজেলায় সকল স্কুলে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার প্রতিটি স্কুলে পর্যায়ক্রমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, ইভটিজিং, মাদক, যৌতুক, মানব পাচার রোধে সচেতনতামুলক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১০। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরো বলেন, যেসকল ভাতাভোগীর এ্যাকাউন্ট নাম্বার হ্যাক হয়েছে তাদের তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে অতিদ্রুত উপজেলা সমাজসেবা অফিসে প্রেরণ করবেন। সেগুলো উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্রের মাধ্যমে প্রেরণ করা হবে। এছাড়া তিনি আরো বলেন আগামী ১০/০৮/২২ তারিখ হতে ০৯/০৯/২০২২ পর্যন্ত নতুন প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা করা হবে। আবেদনকারীগণকে অবশ্যই নগদ এ্যাকাউন্ট খুলে মোবাইল নং দিতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>পুনরায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীদের অপেক্ষামান | যেসকল ভাতাভোগীর এ্যাকাউন্ট নাম্বার হ্যাক হয়েছে তাদের তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে অতিদ্রুত উপজেলা সমাজসেবা অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>১। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ১১। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় মৌতলা ও মথুরেশপুর ইউনিয়নের **FWV** কমিউনিটি সেন্টার পুরাতন জরাজীর্ণ ভবন দুইটি কনডেম ঘোষণা করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য প্রস্তাব সহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মৌতলা ও মথুরেশপুর ইউনিয়নের **FWV** কমিউনিটি সেন্টার পুরাতন জরাজীর্ণ ভবন দুইটি কনডেম ঘোষণা করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য অনুরোধ জানা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১২। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৩। বন বিভাগের কার্যক্রম ঃ<br>বন বিভাগের ফরেস্টার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান প্রতিটি ইউনিয়নে রাস্তার পার্শ্বে কিছু সংখ্যক মরা গাছ আছে যা অত্যন্ত ঝুকিপূর্ণ ও বিপদজনক। উক্ত গাছগুলোকে অপসারণ করার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন। এ প্রসংগে উপজেলা চেয়ারম্যান মহোদয় বন বিভাগের কর্মকর্তাকে প্রতিটি ইউনিয়নে সরেজমিনে পরিদর্শন সহ প্রাক্কলন প্রস্তুত করে ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বন বিভাগের কর্মকর্তা ফরেষ্টারকে প্রতিটি ইউনিয়নে সরেজমিনে পরিদর্শন সহ প্রাক্কলন প্রস্তুত করে ইউনিয়ন পরিষদের রেজুলেশন সহ সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| ১৪। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন যে, চলতি অর্থবছরে ১০৯টি সমিতিরি ট্যাক্স সংগ্রহ করে সংশ্লিষ্ট খাতে জমা দেওয়া হয়েছে। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৬। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার বিভাগের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | (১) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৭। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা কে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১৮। উপজেলা (BADC) বিভাগঃ<br><br>উপজেলা BADC বিভাগের সহকারী প্রকৌশলী বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। সূত্রধরে উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, গাবতলী খাল সহ যে সকল খালগুলো খনন করা হয়েছে সেখানে বসবাসরত ভূমিহীনদের অগ্রাধিকার ভিত্তিতে ভূমিহীনদের জন্য বরাদ্দকৃত সরকারী ঘর প্রদান করে পুনঃবাসনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | গাবতলী খাল সহ যে সকল খাল খনন করা হয়েছে সেখানে বসবাসরত ভূমিহীনদের অগ্রাধিকার ভিত্তিতে ভূমিহীনদের জন্য বরাদ্দকৃত সরকারী ঘর প্রদান করে পুনঃবাসনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br><br>২) সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার বিভাগের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এছাড়া তিনি আরো বলেন, ২০২২ সালে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা তালিকায় সে সকল শিক্ষার্থী ১ম হয়েছে তাদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়েছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, প্রতিটা স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদেরকে নৈতিক শিক্ষার মাধ্যমে মনোবল ও মানসিকতা গড়ে তোলার জন্য শিক্ষকদেরকে বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে হবে। তাছাড়া তিনি আরো বলেন প্রতিটা স্কুল কলেজে লাইব্রেরী থেকে বই সংগ্রহ করে পড়ার জন্য শিক্ষার্থীদেরকে উদ্বুদ্ধ সহ প্রতি মাসে কতটি বই বিতরণ সহ তথ্য সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতিটা স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদেরকে নৈতিক শিক্ষার মাধ্যমে মনোবল ও মানসিকতা গড়ে তোলা সহ স্কুল কলেজের লাইব্রেরী থেকে বই সংগ্রহ করে পড়ার জন্য উদ্বুদ্ধকরণে শিক্ষকদেরকে বাস্তব পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br>২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে ৪টি অবকাঠামোর উন্নয়ন প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। ইতোমধ্যে ৪টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প টেন্ডার প্রক্রিয়াধীন হয়েছে। প্রকল্পসমুহ অতিদ্রুত বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় অতিদ্রুত ৪টি অবকাঠামোর উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ<br>৩। সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তা। |

<table>
<tr>
<td>২২। <u>পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ</u><br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া তিনি আরো বলেন, ইতোমধ্যে পাঁচবাড়িয়া স্লুইচ গেটের পাটা লাগানো হয়েছে। পাশাপাশি সাতবসু, খানজিয়া নদীর ভেড়ীবাঁধ জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। অতিদ্রুত কাজ শুরু হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>কালিগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে যে সকল স্লুইচ গেটগুলো নষ্ট হয়েছে সেগুলো মেরামত সহ নতুন পাটা লাগানো এবং উকশা, বাগমারী, সাতহালিয়া বিওপি ক্যাম্প পর্যন্ত ভেড়ীবাঁধ সংস্কার করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলীকে সভায় অনুরোধ জানানো হয়।</td>
<td>(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>(২) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১,</td>
</tr>
<tr>
<td>২৩। <u>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ</u><br>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডেপুটি জেনারেল ম্যানেজার বলেন যে, সম্প্রতি ইউক্রেন রাশিয়া যুদ্ধের ফলে গ্যাস ও ডিজেল সংকট দেখা দিয়েছে। এতে সাময়িক ভাবে বিদ্যুৎ উৎপাদন কম হচ্ছে। যার ফলে বিভিন্ন এলাকায় সাময়িকভাবে শিডিউল মোতাবেক বিদ্যুৎ সাপ্লাই বন্ধ করে রাখা হচ্ছে। এ উদ্ভুত পরিস্থিতিতে জনগণকে বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার বিষয়ে উদ্বৃদ্ধ করার জন্য জনপ্রতিনিধিদেরকে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>বর্তমান পরিস্থিতিতে বিদ্যুৎ উৎপাদন কম হওয়ায় জনগণকে বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার বিষয়ে উদ্বৃদ্ধ করার জন্য জনপ্রতিনিধি সহ সকলকে অনুরোধ করেন।</td>
<td>(১) ডিজিএম, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ</td>
</tr>
<tr>
<td>২৪। <u>আনসার ভিডিপি ঃ</u><br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, তাদের নতুন ভবন নির্মাণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী ভবনের পিছনে খালি জায়গা উপজেলা পরিষদ থেকে প্রস্তাব করা হয়। কিন্তু উক্ত জায়গায় যেতে হলে জনস্বাস্থ প্রকৌশলী ভবনের বাউন্ডারী প্রাচীর অপসারণ করা প্রয়োজন। উক্ত প্রাচীর অপসারণ করার জন্য উপজেলা পরিষদ সভায় প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশলী ভবনের বাউন্ডারী প্রাচীর সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br><table><tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>পদবী</th></tr><tr><td>০১</td><td>জনাব মোঃ মিরাজ হোসেন খান</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ</td></tr><tr><td>০২</td><td>জনাব জাকির হোসেন</td><td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ</td></tr><tr><td>০৩</td><td>জনাব মোঃ মিজানুর রহমান</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ</td></tr></table><br>উক্ত কমিটির প্রতিবেদনের উপর ভিত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ</td>
</tr>
<tr>
<td>২৪। বিবিধ ঃ<br>(১) <u>দফাদার, মহল্লাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত</u><br><br>সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসের স্মারক নং ঃ ০৫.৪৪.৮৭৯০.০০০.০৩.০০৪.২২-৮১২(৬০) তারিখ : ২৫ জুলাই ২০২২ খ্রিঃ মুলে বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ /০৪ মে ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং-৮৯ আইন/২০১৫ এর দ্বিতীয় অধ্যায়ের আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই,২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৮ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ /১২ জুলাই ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং ২২৭-আইন/২০১৬ মোতাবেক সাতক্ষীরা জেলাধীন কালিগঞ্জ উপজেলার (১) কৃষ্ণনগর (২) চাম্পাফুল (৩) মৌতলা ইউনিয়ন পরিষদের 'দফাদার', 'মহল্লাদার' শূন্যপদে জনবল নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য সভায় বিস্তারিত আলোচনা কর হয়।</td>
<td>'দফাদার', 'মহল্লাদার' শূন্যপদে জনবল নিয়োগের জন্য বিজ্ঞপ্তি বহুল প্রচার করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলকে অনুরোধ করা হয়।</td>
<td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
</table>

(২) হাট- বাজার রক্ষণাবেক্ষণের জন্য ১০% অর্থের দ্বারা গৃহীত সংশোধিত প্রকল্প :

সভায় জানানো হয় যে, বিগত ৩০/০৩/২০২২ তারিখ উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় " মৌতলা বাজারে মুরগি ও মৎস্য শেডের বর্জ্য অপসারণের জন্য ড্রেন নির্মাণ " প্রকল্পটি অনুমোদন করা হয়েছিল। ইতোমধ্যে উক্ত প্রকল্পটি পরিবর্তন করে নিম্নবর্ণিত প্রকল্প ইউনিয়ন পরিষদ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে এবং উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে উহা অনুমোদন করা হয়েছে। বিস্তারিত আলোচনা করা হয়।

" মৌতলা বাজারে মুরগি ও মৎস্য শেডের বর্জ্য অপসারণের জন্য ড্রেন নির্মাণ " উক্ত প্রকল্পটি পরিবর্তন করে নিম্নবর্ণিত প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(১) প্রকল্পের নাম ঃ মৌতলা বাজারে ম্যারেজ রেজিঃ শাহাদাতের বাড়ী হতে শিব কর্মকারের দোকান অভিমুখে ড্রেন নির্মাণ।

বরাদ্দের পরিমাণ ঃ ১,২৯,৩৪০/- (একলক্ষ উনত্রিশ হাজার তিনশত চল্লিশ ) টাকা মাত্র ।
খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল ( হাট/ বাজার ইজারালব্ধ আয়ের ১০%অর্থ)

প্রকল্প বাস্তবায়ন কমিটির বিবরণ ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রকল্প বাস্তবায়ন কমিটির পদবী |
|---|---|---|
| ১ | জনাব রেবেকা সুলতানা, ইউনিয়ন পরিষদ সদস্য , মৌতলা ইউ,পি | সভাপতি |
| ২ | জনাব মীর গওছোল আজম, ইউপি,সদস্য, মৌতলা ইউ,পি | সম্পাদক |
| ৩ | জনাব জিএম রবিউল আলম,গন্যমান্য ব্যক্তি | সদস্য |
| ৪ | জনাব জিএম আকবর আলী, সমাজকর্মী | সদস্য |
| ৫ | জনাব মোঃ ফয়সাল কবীর, সমাজকর্মী | সদস্য |

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/09/22

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২২- ৮২৫

তারিখ : ২৮ /০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৮। উপজেলা ------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। চেয়ারম্যান ------------------------------------ ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। জনাব -----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

২৮/৭/২২

খন্দকার রবিউল ইসলাম
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৮/০৭/২০২২ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব খন্দকার রবিউল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার পক্ষে সহকারী কমিশনার (ভূমি) |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব ডাঃ শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৩ | জনাব ওয়াসীম উদ্দীন | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ৪ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ পক্ষে |
| ৫ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ৫ | জনাব জাকির হোসেন | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ এর প্রতিনিধি | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৬ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি পক্ষে | | ৭ | জনাব আব্দুল্লাহ আল মামুন | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ |
| ৮ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৮ | মোঃ শাহআলম পক্ষে | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ পক্ষে |
| ৯ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | | | জনাব মোঃ মেহেদী হাসান | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১০ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ৯ | জনাব জয়দেব দত্ত | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ পক্ষে |
| ১১ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ১০ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১১ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ১২ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| | | | | ১৩ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৪ | জনাব মোঃ আলমগীর হোসেন | উপজেলা সমন্বয়কারী, কালিগঞ্জ |
| | | | | ১৫ | | |
| | | | | ১৬ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | | ১৯ | মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | | ২১ | আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব অনুজ গাইন | উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ২ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ৩ | তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ৪ | জনাব মোঃ আনোয়ার কবির | ইন্সট্রাক্টর, কালিগঞ্জ |
| | | | | ৫ | জনাব মোঃ আসাদুজ্জামান | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |